

বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়
বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।
ফোনঃ ৯৫৬৭০৫৬, ৯৫৬৯৮০৭, ৯৫৬৯৮০৯

নং-বিবিসি/এনরোল-২০১৬/৬৪৮

তারিখঃ খ্রিঃ ২২-০৩-২০১৬

নোটিশ

২০শে এপ্রিল, ২০১৬খ্রিঃ হইতে অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষা

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ বার কাউন্সিলের অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষা আগামী খ্রিঃ ২০-০৪-২০১৬ তারিখ হইতে বার কাউন্সিল ভবনে অনুষ্ঠিত হইবে। যাহারা খ্রিঃ ৩১-০৭-২০১৫ তারিখে অনুষ্ঠিত এনরোলমেন্ট লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন তাহারা শুধুমাত্র প্রবেশপত্র প্রদর্শন করিয়া মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন। পরীক্ষার বিস্তারিত শিডিউল যথাসময়ে ঘোষণা করা হইবে।

যাহারা বিগত দুইটি এনরোলমেন্ট মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হইয়াছেন তাহারা ৩০০/- (তিনশত টাকা) ফরম ফি (বার কাউন্সিল অনুকূলে পে অর্ডার/ব্যাংক স্লীপে জমা করিয়া) এবং ৩০০/- (তিনশত টাকা) পরীক্ষা ফি বাবদ (বার কাউন্সিল অনুকূলে পে অর্ডার/ব্যাংক স্লীপে জমা করিয়া) আসন্ন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন। তাহাদেরকে তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপিসহ খ্রিঃ ০৭-০৪-২০১৬ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করিতে হইবে। তাহাদের মৌখিক পরীক্ষার প্রবেশপত্র খ্রিঃ ১৮-০৪-২০১৬ ও খ্রিঃ ১৯-০৪-২০১৬ তারিখে বার কাউন্সিল অফিস হইতে অফিস সময়ে বিতরণ করা হইবে।

আদেশক্রমে,

স্বা./-

(আ,ক,ম, জহুরুল আলম)

সচিব

(জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল

নং-বিবিসি/এনরোল-২০১৬/৬৪৯(৮২)

তারিখঃ খ্রিঃ ২২-০৩-২০১৬

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে আঁটিয়া দিয়া প্রচারের অনুরোধসহ অনুলিপি সম্পাদক,
..... আইনজীবী সমিতির বরাবরে প্রেরণ করা হইল।

স্বা./-

(মাহফুজুল মুর্শেদ)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ বার কাউন্সিল

বিঃদ্রঃ মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট প্রার্থীকে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং মার্কশীটের মূলকপি অবশ্যই প্রদর্শন করিতে হইবে।